

ফতওয়া নং ২৫৪

প্রশ্নঃ

ইসলামে সেলুনের কাজ করা কতটা সঠিক দয়া করে জানাবেন প্লিজ।

উত্তরঃ

সেলুনের কাজ যদি কেবল শরীয়ত সম্মত কাজের মধ্যে সীমাবদ্ধ থাকে, একমুষ্টির কম দাড়ি কাটা, বিজাতীয়দের সদৃশ চুল কাটা ইত্যাদি কোনো শরীয়ত বিরোধী কাজ না করা হয়, তাহলে জাইয হবে। উপার্জনও হালাল হবে। কিন্তু যেহেতু নাপিতরা সাধারণত জাইয-না জাইয সব রকম কাজের সম্মুখীন হয়ে থাকে, তাই সেলুনের কাজ ছাড়া অন্য বৈধ উপার্জনের পথ অবলম্বন করার পরামর্শ দেওয়া হয়।

আল্লাহ পাক ইরশাদ করেছেনঃ “তোমরা সৎকর্ম ও তাকওয়ার ক্ষেত্রে একে অন্যকে সহযোগিতা করবে। গুনাহ ও জুলুমের কাজে একে অন্যের সহযোগিতা করবে না। আল্লাহকে ভয় করে চলো।” (সূরা মায়িদাহ, আয়াত নং ২)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

১৫ রজব, ১৪৪৫ হিজরী (26/01/2024)